**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল স্মার্ট পাথ সংযোগ ট্রান্সমিশন লাইনের নির্মাণ কাজ শুরুর ঘোষণা করলেন

## *নর্থ কান্ট্রি ও মোহক ভ্যালির অতি গুরুত্বপূর্ণ বিদ্যুৎ ট্রান্সমিশন সংযোগের প্রধান পুনর্গঠন কাজ শুরু*

## *পূর্ব-পশ্চিম এবং উত্তর-দক্ষিণ ট্রান্সমিশন ধমনী হালনাগাদ করে নিউ ইয়র্কের বিদ্যুৎ গ্রিডের আধুনিকায়নের জন্য এবং স্টেটের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যসমূহকে অগ্রসর করার জন্য*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্মার্ট পাথ কানেক্টের (Smart Path Connect) নির্মাণকাজ শুরু হয়েছে, এটি নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) এবং নিউ ইয়র্কের জাতীয় গ্রিডের (National Grid NY) নেতৃত্বাধীনে একটি অতি গুরুত্বপূর্ণ জরুরি ট্রান্সমিশন প্রকল্প যা নর্থ কান্ট্রি এবং মোহক ভ্যালির আনুমানিক এক শত মাইল ট্রান্সমিশনকে পুনর্গঠন এবং জোরদার করবে। ট্রান্সমিশন লাইন হালনাগাদকরণ স্টেটের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Ac) পরিচ্ছন্ন শক্তি আবশ্যিকতা পূরণ করার জন্য প্রয়োজনীয়। প্রকল্পের প্রতিনিধিগণ, যার মধ্যে আছে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল এবং নিউ ইয়র্ক জাতীয় গ্রিডের বৈদ্যুতিক প্রধান পরিচালনা কর্মকর্তা ব্রায়ান জেমেল, নিউ ইয়র্ক ইন্ডিপেন্ডেন্ট সিস্টেম অপারেটরের (New York Independent System Operator) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রিচ ডিউইয়ের সাথে যোগদান করেন আজকে প্রকল্পের নির্মাণকাজ শুরু করার জন্য এবং তারা নিউ ইয়র্কের ম্যাসেনার নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের হকিন্স পয়েন্ট ভিজিটর্স সেন্টারে (Hawkins Point Visitors Center) স্টেট ও স্থানীয় নেতৃবৃন্দের সাথে স্থানীয় সম্প্রদায়কে প্রকল্পটির ব্যাপারে সংক্ষেপে জানান।

"নিউ ইয়র্কের ট্রান্সমিশন ব্যবস্থার সম্প্রসারণ এবং আধুনিকায়ন স্থিতিস্থাপকতা বৃদ্ধি এবং নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অগ্রসর করার জন্য অতি গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক সাহসী শক্তি অবকাঠামো বিনিয়োগের ক্ষেত্রে পথপ্রদর্শন করছে যা কর্মসংস্থান সৃষ্টি করবে, স্থানীয় অর্থনীতিসমূহকে বলীয়ান করবে এবং 2040 সালের মধ্যে একটি কার্বনমুক্ত শক্তি ব্যবস্থা গঠনে নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় প্রয়াসকে অগ্রসর করবে।"

স্মার্ট পাথ কানেক্ট প্রকল্পটি অঞ্চলে বিদ্যমান নবায়নযোগ্য সংস্থান উন্মোচন করতে সাহায্য করবে এবং উল্লেখযোগ্য উৎপাদন ব্যয় সাশ্রয়, নিঃসরণ হ্রাস, এবং ট্রান্সমিশন জ্যাম হ্রাস করবে। অনুমান করা যাচ্ছে যে এর ফলে স্টেটব্যাপী বার্ষিক 1.16 মিলিয়ন টন কার্বন ডাই অক্সাইড (Carbon dioxide, CO2) নিঃসরণ এড়ানো যাবে এবং বার্ষিক আনুমানিক 160 টন নাইট্রোজেন অক্সাইডসমূহ (Nitrogen oxides, NOx) নিঃসরণ হ্রাস করা যাবে। নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ প্রত্যাশা করছে যে প্রকল্পটি নিউ ইয়র্কের উত্তর অংশে বার্ষিক 447 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সাশ্রয় করবে এবং নির্মাণকাজের চলাকালে কয়েক শত পরিচ্ছন্ন শক্তির চাকরি তৈরি করবে।

**নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন,** "আমরা যখন শীতকালীন মাসগুলির দিকে যাচ্ছি তখন আমি আমাদের অবিচ্ছেদ্য ট্রান্সমিশন লাইন পুনর্গঠনে নিউ ইয়র্কের অগ্রগতি দেখে উৎসাহিত হচ্ছি, যার ফলে এগুলি বাফেলোতে আমরা মাত্রই যেমন দেখলাম তেমন ক্রমশ আরো চরম হতে থাকা শীতকালীন ঝড় থেকে আরো স্থিতিস্থাপক হবে। ট্রান্সমিশনে আমাদের বিনিয়োগ নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যতের জন্য অত্যাবশ্যকীয়। NYPA-র ট্রান্সমিশন বিকাশের মনোযোগ হলো আমাদের NYPA ভিশন 2030-র (NYPA Vision 2030) কৌশলী পরিকল্পনার একটি ভিত্তিগত অংশ। আমরা আজকে যেই উল্লেখযোগ্য ট্রান্সমিশন ব্যবস্থা হালনাগাদকরণ করছি তা বৈশ্বিক উষ্ণতার প্রভাবের বিরুদ্ধে লড়াই করতে এবং পরিচ্ছন্ন শক্তির চাকরি সৃষ্টির মাধ্যমে নিউ ইয়র্কের অর্থনীতি জোরদার করার আমাদের জলবায়ু পদক্ষেপ লক্ষ্যের জন্য গুরুত্বপূর্ণ।"

স্মার্ট পাথ কানেক্ট একটি বহুমুখী প্রকল্প যেখানে ম্যাসেনা থেকে ক্লিনটন টাউন পর্যন্ত আনুমানিক 45 মাইল পূর্বমুখী ট্রান্সমিশন পুনর্গঠন করা হবে, যার নেতৃত্ব দিবে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ; এবং ক্রোঘ্যান থেকে মার্সি পর্যন্ত আনুমানিক 55 মাইল দক্ষিণমুখী ট্রান্সমিশনের পুনর্গঠন করা হবে যার নেতৃত্ব দিবে নিউ ইয়র্ক জাতীয় গ্রিড। এই কাজের মধ্যে থাকবে একাধিক নতুন সাবস্টেশন নির্মাণ এবং সেই সাথে বিদ্যমান একাধিক সাবস্টেশনের সংস্কার।

খণ্ড দুইটি সংযুক্ত হবে স্মার্ট পাথের মাধ্যমে, যা মোসেস থেকে অ্যাডিরন্ড্যাক ট্রান্সমিশন লাইনসমূহের মধ্যকার একটি পুনর্গঠন, যা 2020 সালে শুরু হয় এবং আগামী বছর শেষ হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। স্মার্ট পাথের (Smart Path) মতো, স্মার্ট পাথ কানেক্ট মূলত ক্লিনটন, ফ্র্যাঙ্কলিন, সেইন্ট লরেন্স, লুইস এবং ওনিডা কাউন্টিগুলির বিদ্যমান ট্রান্সমিশনের পথেই থাকছে। 2025 সালে কাজ শেষ হওয়ার পর, স্মার্ট পাথ এবং স্মার্ট পাথ কানেক্ট ক্লিনটন এবং ওনিডা কাউন্টিগুলির মধ্যে একটি অবিচ্ছিন্ন 345 কিলোভোল্টের ট্রান্সমিশন লাইন তৈরি করবে, যা স্টেটব্যাপী গ্রিডকে জোরদার করবে এবং নবায়নযোগ্য শক্তিকে বিদ্যুৎ ব্যবস্থায় যুক্ত করবে যার মধ্যে নতুনভাবে নির্মিত এবং প্রস্তাবিত নবায়নযোগ্য শক্তি উৎস থেকে পাওয়া বিদ্যুৎ থাকবে।

**নিউ ইয়র্কের জাতীয় গ্রিডের প্রেসিডেন্ট রুডি উইন্টার বলেন,** "স্মার্ট পাথ কানেক্ট নিউ ইয়র্কে কয়েক শত মেগাওয়াট পরিচ্ছন্ন, নবায়নযোগ্য শক্তি নিয়ে আসবে। এই প্রকল্পটি আরো স্থিতিস্থাপক ও নির্ভরযোগ্য কেটি ব্যবস্থা নিশ্চিত করে যা চরম আবহাওয়াকে আরো ভালো সহ্য

করতে পারবে এবং বিদ্যুতের গ্রিডকে ডিকার্বোনাইজ করা এবং নিউ ইয়র্কের বিদ্যুতের গ্রাহকদের ন্যায্য, সমতার, সাশ্রয়ী পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরের আমাদের সকলের যে এক লক্ষ্য রয়েছে তা অর্জন করতে সাহায্য করবে।"

একটি প্রতিযোগিতামূলক নিলাম প্রক্রিয়ার পর, নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের ট্রাস্টি বোর্ড মাইকেলস পাওয়ার, ইনকর্পোরেটেডের (Michels Power, Inc.) সাথে একটি ছয় বছরের 276 মিলিয়ন মার্কিন ডলারের চুক্তি অনুমোদিত করেছে প্রকল্পের ট্রান্সমিশন লাইন নির্মাণ এবং মে মাসে প্রকল্পটির সাবস্টেশনসমূহের কাজের জন্য আরেকটি পাঁচ বছরের 104 মিলিয়ন মার্কিন ডলারের চুক্তির অনুমোদন দিয়েছে।

**নিউ ইয়র্ক ইন্ডিপেন্ডেন্ট সিস্টেম অপারেটরের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রিচ ডিউই বলেন,** "আজকের ঘোষণাটি আরো একটি অতি গুরুত্বপূর্ণ বিকাশ যা নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় জলবায়ু লক্ষ্যে পৌঁছানোর জন্য এবং একইসাথে ট্রান্সমিশন ব্যবস্থার নির্ভরযোগ্যতা উন্নত করার জন্য প্রয়োজনীয়। এই লাইনগুলির পুনর্গঠন ও সংস্কার পরিচ্ছন্ন শক্তির বৈচিত্র্য বিস্তৃত করবে, ব্যবস্থাটিকে চরম আবহাওয়ার ক্ষেত্রে বলীয়ান করবে এবং আমাদের গ্রিডের আধুনিকায়ন করবে। আমি আজকে NYPA এবং জাতীয় গ্রিডের সাথে দাঁড়াতে পেরে গর্বিত এবং এই গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি শুরু করার জন্য তাদের অভিনন্দন জানাচ্ছি।"

স্মার্ট পাথ এবং স্মার্ট পাথ কানেক্টের পাশাপাশি, আরো একাধিক নিউ ইয়র্ক স্টেট ট্রান্সমিশন প্রকল্পের কাজ শেষ হওয়ার পথে বা শেষ হয়েছে এবং পরিষেবা শুরু করেছে। গত সপ্তাহে, গভর্নর হোকল 339 মাইল দীর্ঘ চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস (Champlain Hudson Power Express) ট্রান্সমিশন লাইনের নির্মাণকাজ শুরু হওয়া উদযাপন করেছেন, যা নির্মাণ করছে ট্রান্সমিশন ডেভেলপার্স, ইনকর্পোরেটেড। চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস এবং ক্লিন পাথ নিউ ইয়র্ক (Clean Path NY), NYPA এবং ফরোয়ার্ড পাওয়ারের (Forward Power) (ইনভেনার্জি (Invenergy) ও এনার্জিরে-র (energyRe) মধ্যকার একটি যৌথ উদ্যোগ) মধ্যকার সহযোগিতার মাধ্যমে নির্মিত একটি প্রকল্পের চুক্তির অনুমোদন প্রদান করে জনসেবা কমিশন (Public Service Commission) 2022 সালের এপ্রিল মাসে, যা এটিকে বিগত 50 বছরের মধ্যে নিউ ইয়র্ক স্টেটের গৃহীত সর্ববৃহৎ ট্রান্সমিশন অবকাঠামো নির্মাণ প্রকল্প বানায়। সর্বোপরি, নিউ ইয়র্কের ট্রান্সমিশন বিনিয়োগের ফলে মোট প্রায় 1,000 মাইল নতুন এবং হালনাগাদকৃত প্রকল্প হবে যা নিউ ইয়র্কের সাহসী পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অগ্রসর করতে সাহায্য করবে।

অতিরিক্ত প্রকল্পের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ এবং LS পাওয়ার নিউ ইয়র্কের (LS Power New York) সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট (Central East Energy Connect) প্রকল্প যেখানে ইউটিকা/অ্যালবানি করিডোরের প্রায় 100 মাইল ঐতিহাসিকভাবে অত্যধিক জ্যাম হওয়া ট্রান্সমিশন লাইনকে সম্প্রসারিত করা হবে; নিউ ইয়র্ক ট্রান্সকোর (New York Transco) নিউ ইয়র্ক এনার্জি সলিউশন (New York Energy Solution) যেখানে হাডসন ভ্যালির আনুমানিক 54 মাইল ট্রান্সমিশন লাইন পুনর্গঠন করা হবে এবং নেক্সটএরা এনার্জি ট্রান্সমিশন নিউ ইয়র্কের (NextEra Energy Transmission New York) সম্প্রতি শেষ হওয়া এবং সক্রিয় করা ওয়েস্টার্ন নিউ ইয়র্কের আনুমানিক 20 মাইল এম্পায়ার স্টেট লাইন (Empire State Line Project) প্রকল্প।

নিউ ইয়র্ক স্টেটের জনসেবা কমিশন নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষকে স্মার্ট পাথ কানেক্টের জন্য একটি পরিবেশ সামঞ্জস্য ও জনগণের প্রয়োজন সনদ (Certificate of Environmental Compatibility and Public Need) প্রদান করেছে 2022 সালের আগস্ট মাসে, এবং 2022 সালের সেপ্টেম্বর মাসে প্রকল্পের প্রথম খণ্ডের জন্য পরিবেশ ব্যবস্থাপনা ও নির্মাণ পরিকল্পনার (Environmental Management and Construction Plan) অনুমোদন দিয়েছে। লাইনের কাজ 2025 সালে শেষ হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে।

**শক্তি কমিটির (Committee on Energy) প্রধান অ্যাসেম্বলি সদস্য মাইকেল কুজিক বলেন,** "আমরা নিউ ইয়র্ক স্টেটের শক্তি অবকাঠামোর ক্ষেত্রে একটি নতুন যুগে প্রবেশ করছি। যেহেতু আমরা জলবায়ু নেতৃত্ব আইনের উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্যসমূহ অর্জনের জন্য কাজ করে যাচ্ছি, তাই নিউ ইয়র্কের উত্তর অংশ থেকে শুরু হয়ে মোহক ভ্যালি পর্যন্ত স্মার্ট পাথ কানেক্টের মতো ট্রান্সমিশন প্রকল্পের গুরুত্ব বলে শেষ করা যাবে না। এই অগ্রগতিটি দারুণ ব্যাপার এবং আমি গভর্নর হোকল, NYPA, এবং আমাদের প্রকল্পের অংশীদার জাতীয় গ্রিডকে আমাদের ট্রান্সমিশন ব্যবস্থার হালনাগদকরণ ও সম্প্রসারণে তাদের নেতৃত্ব এবং প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

স্মার্ট পাথ কানেক্ট প্রকল্পের ব্যাপারে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে NYPA-র স্মার্ট পাথ কানেক্ট ওয়েবসাইট ভিজিট করুন।

**নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)**

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এসব বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে৷ জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের

অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418